**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(কাস্টমস ও মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

**তারিখ : ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ/২ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ**

**এস.আর.ও. নং ১৫৪-আইন/২০১৬/১৬/কাস্টমস**।- Customs Act, 1969 (Act No. IV of 1969), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, পাওয়ার টিলার, পাওয়ার থ্রেসার (মাড়াই যন্ত্র), পাওয়ার রিপার (ধান, গম কর্তনে ব্যবহার্য), পাওয়ার সিডার (ধানের বীজ বা চারা রোপনে ব্যবহার্য) নামক কৃষি যন্ত্রপাতি স্থানীয়ভাবে উৎপাদনের লক্ষ্যে উক্ত উৎপাদন কার্যে ব্যবহার্য ও নিম্নবর্ণিত টেবিল-এ উল্লিখিত যন্ত্রাংশ বা উপকরণের উপর আরোপণীয় আমদানি শুল্ক, যে পরিমাণে মূল্যভিত্তিক ১% (এক শতাংশ) এর অতিরিক্ত সেই পরিমাণ এবং সমুদয় রেগুলেটরি ডিউটি, সম্পূরক শুল্ক (যদি থাকে) ও মূল্য সংযোজন কর হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**<u>শর্তসমূহ</u>**

১। এই প্রজ্ঞাপনের অধীনে রেয়াতি সুবিধা প্রাপ্তির লক্ষ্যে–

(ক) সংশ্লিষ্ট আমদানিকারক-উৎপাদককে মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এবং মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ অনুযায়ী নিবন্ধিত হইতে হইবে;

(খ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে উৎপাদক/প্রগতিশীল উৎপাদক (Progressive Manufacturer) হিসাবে বিনিয়োগ বোর্ডে নিবন্ধিত হইতে হইবে;

(গ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কৃষি যন্ত্রপাতি উৎপাদন বা সংযোজন বা আমদানি বা বিপণন বা উক্তরূপ একাধিক কাজে প্রাতিষ্ঠানিক জ্ঞান, দক্ষতা, অভিজ্ঞতা ও এতদ্‌বিষয়ে প্রাতিষ্ঠানিক সুযোগ-সুবিধা রহিয়াছে এবং তিনি এই প্রজ্ঞাপনের অধীনে রেয়াতি সুবিধার আওতায় কৃষি যন্ত্রপাতি প্রস্তুতে সক্ষম এই মর্মে প্রাসঙ্গিক সকল তথ্য ও প্রমাণিক দলিলাদিসহ সচিব, কৃষি মন্ত্রণালয় এর নিকট আবেদন করিতে হইবে এবং আবেদনে

তিনি কোন কোন যন্ত্রপাতি কি পরিমাণে উৎপাদন করিবেন এবং উক্ত উৎপাদনে এই প্রজ্ঞাপনের টেবিলে বর্ণিত যন্ত্রাংশগুলোর মধ্যে কোনটি কি পরিমাণে প্রয়োজন হইবে সেইসব বিষয় উল্লেখ করিতে হইবে এবং আবেদনের অনুলিপি সংশ্লিষ্ট আমদানি কাস্টমস স্টেশনের কমিশনার ও স্থানীয় মূল্য সংযোজন কর কমিশনার এর নিকট প্রেরণ করিতে হইবে;

(ঘ) আবেদন প্রাপ্তির পর ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে সচিব, কৃষি মন্ত্রণালয় তাহার অধীনস্থ যথোপযুক্ত কর্মকর্তা/কর্তৃপক্ষ কর্তৃক আবেদনে উল্লিখিত তথ্য ও প্রাতিষ্ঠানিক/ভৌত সুযোগ সুবিধার যথার্থতা যাচাই করাইবেন এবং যাচাই অন্তে আবেদনে বর্ণিত তথ্য প্রমাণাদি সঠিক পাওয়া গেলে এবং সার্বিক বিচারে আবেদনকারীকে এই প্রজ্ঞাপনের আওতায় কৃষি যন্ত্রপাতি উৎপাদনের যোগ্য বলিয়া প্রতীয়মান হইলে অতঃপর সচিব তাহার বিবেচনায় প্রজ্ঞাপনের রেয়াতি সুবিধার যথাযথ ব্যবহার হয় এমন শর্ত আরোপ করিয়া তাহাকে এই প্রজ্ঞাপনের রেয়াতি সুবিধায় প্রজ্ঞাপনে উল্লিখিত যন্ত্রাংশ আমদানির অনুমতি প্রদান করিবেন। উক্ত অনুমোদনের অনুলিপি সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনের কমিশনার ও স্থানীয় মূল্য সংযোজন কর কমিশনার এর নিকট প্রেরণ করিবেন;

(ঙ) সচিব, কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের ভিত্তিতে আমদানির পর উক্ত পণ্যের শুল্কায়ন যুগ্ম-কমিশনার (কাস্টমস) এর নিম্নে নহেন এমন কর্মকর্তার পর্যায়ে সম্পন্ন করিতে হইবে। শুল্কায়নকালে বর্তমান পণ্যচালানের ঘোষণার যথার্থতা যাচাই ছাড়াও পূর্বে খালাসকৃত চালানের পরিমাণের ভিত্তিতে বর্তমান পণ্যের আমদানির পরিমাণ মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর মূসক-৭ এর আলোকে যাচাই করিবেন;

(চ) রেয়াতি হারে আমদানিকৃত যন্ত্রাংশ সংশ্লিষ্ট উৎপাদনকারীর কারখানায় পৌঁছাইবার পর তাহা যথাযথভাবে সুরক্ষিত স্থানে এমনভাবে সংরক্ষণ করিতে হইবে যাহাতে স্থানীয় মূল্য সংযোজন কর কমিশনারেটের কমিশনার বা তদ্‌কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা যেকোন সময় উক্ত যন্ত্রাংশের আমদানি, মজুদ, ব্যবহার এবং স্থিতি যাচাই করিতে পারেন;

(ছ) সচিব, কৃষি মন্ত্রণালয় প্রতি ৬ (ছয়) মাস পর পর যথোপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আমদানি, উৎপাদন, বিপণন, ইত্যাদি সরেজমিনে যাচাই করাইবেন এবং প্রাপ্ত পরিস্থিতি সদস্য (কাস্টমস: নীতি), জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করিবেন;

(জ) উপরি-উল্লিখিত দফা (চ) ও (ছ) তে বর্ণিত কর্তৃপক্ষ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আমদানিকৃত যন্ত্রাংশের ব্যবহার, উৎপাদন, এই প্রজ্ঞাপনের শর্তসমূহের পরিপালন বিষয়ে বিরূপ মতামত প্রদান করিলে সদস্য (কাস্টমস: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে শুনানীর জন্য ডাকিবেন এবং প্রয়োজনে পূনঃতদন্ত করাইবেন। তদন্ত বা সার্বিক বিবেচনায় প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিরূপ মতামত প্রতিষ্ঠিত হইলে তাহার রেয়াতি হারে আমদানির সুযোগ বন্ধ করিবেন এবং অপব্যবহৃত যন্ত্রাংশ ও উপকরণের উপর গৃহীত শুল্ক-কর রেয়াত আদায়ের কার্যক্রম গ্রহণ করিবেন;

(ঝ) কোন আমদানিকারক-উৎপাদক এই প্রজ্ঞাপনের শর্ত লংঘন করিলে এবং উক্ত লংঘনজনিত কারণে রাজস্ব ক্ষতি হইলে সেইক্ষেত্রে তাহার বিরুদ্ধে আইনানুগ অন্যান্য ব্যবস্থার পাশাপাশি Customs Act, 1969 এর section 156 এর sub-section (1) এর Table এর item 10A এর বিধান অনুযায়ী ব্যবস্থা নেওয়া হইবে।

**টেবিল**

| Heading | H.S.Code | Description |
|---|---|---|
| (1) | (2) | (3) |
| 40.09 | 4009.11.00 | Tubes, pipes and hoses without fitttings |
| | 4009.42.00 | Tubes, pipes and hoses with fitting |
| 40.10 | 4010.32.00 | Endless transmission belts |
| 73.18 | 7318.15.90 | Others screw and bolts |
| | 7318.16.00 | Nuts |
| 73.20 | 7320.20.00 | Helical springs |
| 83.01 | 8301.20.90 | Locks of a kind used for motor vehicles |
| 84.08 | 8408.90.90 | Other engine |
| 84.09 | 8409.99.10 | Spare parts of diesel engine |
| 84.82 | 8482.10.00 | Ball bearings |
| 84.87 | 8487.90.00 | Machinery parts |
| 87.08 | 8708.30.00 | Brakes & servo brakes and parts thereof |
| | 8708.40.00 | Gear boxes and parts thereof |
| | 8708.93.00 | Clutches & parts thereof |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**স্বাক্ষরিত/-**
(মোঃ নজিবুর রহমান)
সিনিয়র সচিব।